গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলছড়ি, গাইবান্ধা।

স্মারক নং-০৫.৫৫.৩২২১.০০১.৮৫.০২৫.২৪-১৭

তারিখঃ ২১ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ / ০৫ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

## গাইবান্ধা জেলার ফুলছড়ি উপজেলার ১৪৩৩-১৪৩৫ বাংলা সনে ইজারাযোগ্য ২০.০০ (বিশ) একর পর্যন্ত জলমহাল সমূহের ইজারা বিজ্ঞপ্তি

ভূমি মন্ত্রণালয়, সায়রাত -১ অধিশাখা, ঢাকা কর্তৃক ২৩-১১-২০২৫ খ্রি: তারিখে জারীকৃত প্রজ্ঞাপন নং-৭০৪ এর নির্দেশনা অনুযায়ী উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক অত্র উপজেলাধীন ২০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল ব্যবস্থাপনার লক্ষ্যে নিম্নোক্ত সিডিউল অনুযায়ী ১৪৩৩-১৪৩৫ বঙ্গাব্দ মেয়াদে ইজারা প্রদান করা হবে। ইজারা গ্রহণে আগ্রহীগণকে প্রদত্ত সিডিউল অনুযায়ী ইজারায় অংশ গ্রহনের জন্য অনুরোধ করা হলো।

### সময়সূচী

| ক্র: নং | তারিখ | কার্যদিবস | গৃহিত কার্যক্রম |
|---|---|---|---|
| ০১ | ২১ পৌষের মধ্যে (৫ জানুয়ারির মধ্যে) | - | উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে সাধারণ আবেদনে জলমহাল ইজারার আবেদন। |
| ০২ | ০১ মাঘ থেকে ১৫ মাঘের মধ্যে (১৫ জানুয়ারি থেকে ২৯ জানুয়ারির মধ্যে) | ১৫ (পনেরো কার্যদিবস) | অনলাইনে ইজারার আবেদন দাখিল। www.jm.lams.gov.bd তে আবেদন করতে হবে। |
| ০৩ | ১৮ মাঘ থেকে ২০ মাঘের মধ্যে (১ ফেব্রুয়ারি থেকে ০৩ ফেব্রুয়ারির মধ্যে) | ০৩ (তিন কার্যদিবস) | অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেডকপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে উপজেলা.নির্বাহী অফিসারের কার্যালয়ে দাখিল। |

### ১৪৩৩-১৪৩৫ বাংলা সনে ইজারাযোগ্য জলমহালের তালিকা:

| ক্র: নং | জলমহালের নাম | মৌজার নাম | এরিয়া | সরকারি কাঙ্খিত মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | ঘোলদহ বিল | ঘোলদহ | ১.৬০০০ একর | ৭৪,০২৫/- | |

শর্তসমূহ:

০১। সরকারি জলমহাল নীতি, ২০০৯ অনুযায়ী ইজারা কার্যক্রম গ্রহন করা হবে।

০২। আবেদনপত্র সমূহ নির্ধারিত মূল্যে (৫০০/- পাঁচশত টাকা) বিজ্ঞপ্তিতে বর্ণিত সময়সূচি অনুযায়ী উল্লিখিত কার্যালয় সমূহ হতে ক্রয় করা যাবে।

০৩। ইজারা বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখের মধ্যে অনলাইনে jm.lams.gov.bd তে আবেদন করতে হবে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেডকপি ও জামানতের মূলকপি বিজ্ঞপ্তিতে উল্লিখিত নির্দিষ্ট তারিখের মধ্যে উপজেলা নির্বাহী অফিসার, ফুলছড়ি, গাইবান্ধা বরাবর দাখিল করতে হবে। অনলাইনে দাখিলকৃত তথ্যাদি এবং প্রিন্টেডকপি হিসাবে দাখিলকৃত তথ্যাদির মধ্যে তারতম্য পরিলক্ষিত হলে অনলাইনের তথ্যাদি সঠিক বলে বিবেচিত হবে।

০৪। নির্দিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে ইজারা গ্রহণে অগ্রাধিকার পাবে। কোনো মৎস্যজীবী সমিতি দুইটির অধিক জলমহাল ইজারা বন্দোবস্ত গ্রহন করতে পারবে না।

০৫। নির্ধারিত ফরমে আবেদনপত্র দাখিলের সময় প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/ সমিতি তাদের সদস্যদের নামের তালিকা (ঠিকানাসহ) ও নির্বাহী সদস্যদের নামের তালিকা সংযুক্ত করবেন এবং একই তার অনুলিপি উপজেলা নির্বাহী অফিসার/ সদস্য সচিব জলমহাল / পুকুর ব্যবস্থাপনা কমিটির নিকট দাখিল করতে হবে।

০৬। আবেদনকারী কোন মৎস্যজীবী সংগঠন/ সমিতি/ সমবায় সমিতিতে যদি কোন সদস্য থাকেন যিনি প্রকৃত মৎস্যজীবী নন, তাহলে উক্ত সমিতি জলমহাল/ পুকুর বন্দোবস্তের অযোগ্য বিবেচিত হবে। আবেদনকারী মৎস্যজীবী সংগঠন/ সমিতি যেগুলো বর্তমান কার্যকর আছে তার প্রমান স্বরূপ জেলা/ উপজেলা সমবায়/ সমাজসেবা কর্মকর্তার (যেখানে যা প্রযোজ্য) প্রত্যয়ন পত্র আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে এবং সাথে বিগত ০২ (দুই) বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন সংগঠন / সমিতির জন্য অডিট রিপোর্ট প্রয়োজন হবে না।

০৭। যদি সংশ্লিষ্ট জলমহাল / পুকুরের নিকটবর্তী প্রকৃত মৎস্যজীবী সংগঠন পাওয়া না যায় তাহলে অন্যান্য পার্শ্ববর্তী উপজেলা/ জেলা মৎস্যজীবী সংগঠন / সমিতি/ জলমহাল / পুকুর ইজারা পাওয়ার জন্য আবেদন করতে পারবেন।

০৮। লীজ গ্রহীতা কোন মৎস্যজীবী সংগঠন/ সমবায় সমিতি/ সমিতি তাদের নামে লীজকৃত জলমহাল/ পুকুর কোন অবস্থাতেই সাব-লীজ অথবা কোন ব্যক্তি/ গোষ্টিকে হস্তান্তর করতে পারবে না এবং অন্য কোন উপায়ে তা ব্যবহার করতে পারবে না। যদি তা করে থাকেন তাহলে উপজেলা নির্বাহী অফিসার উক্ত লীজ বাতিল করবেন এবং জমাকৃত লীজমানি সরকার অনুকূলে বাজেয়াপ্ত হবে। উক্ত লীজ গ্রহীতা মৎস্যজীবী সংগঠন/ সমিতি পরবর্তী বছর জলমহাল/ পুকুর বন্দোবস্ত সংক্রান্ত কোন আবেদন করতে পারবেনা।

০৯। দরদাতাকে জলমহাল ইজারায় অংশগ্রহণের পূর্বে জলমহাল/ পুকুর সরেজমিনে দেখে নিশ্চিত হয়ে জলমহাল ইজারায় অংশগ্রহন করতে হবে।

১০। বিজ্ঞপ্তিতে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট জলমহাল/ পুকুর ইজারা মূল্যের ২০% ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার জামানত হিসাবে আবেদন পত্রের সাথে দাখিল করতে হবে। লীজ প্রাপ্ত হয়নি এমন সমিতির ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার পরবর্তীতে ফেরত প্রদান করা হবে।

১১। ইজারা প্রাপ্ত সমিতিকে ইজারা মূল্যের উপর সরকারের নির্ধারিত হারে ভ্যাট ১৫% ও আয়কর ১০% জিজমানির সাথে একত্রে প্রদান করতে হবে।

১২। সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর সকল শর্তাবলি ও বিজ্ঞপ্তির শর্ত হিসেবে প্রযোজ্য হবে।

১৩। মৎস্যজীবী সংগঠন/ সমিতিকে ০৩ (তিন) বছর মেয়াদে লীজ পাওয়ার লক্ষ্যে সংশ্লিষ্ট জলমহাল/ পুকুরের মৎস্য চাষ/ উৎপাদন/ সুষ্ঠু ব্যবস্থাপনার পরিকল্পনার রূপরেখা সংযুক্ত করতে হবে।

১৪। যে সকল সমিতি পূর্বের ইজারা মূল্য পরিশোধ করেন নাই বা জামানতের টাকা বাজেয়াপ্ত করা হয়েছে, সে সকল সমিতি ০৩ (তিন) বছর জলমহাল/ পুকুর ইজারায় অংশ গ্রহণ করতে পারবেন না। আবেদন করলে জামানত বাজেয়াপ্ত করা হবে।

১৫। ২০ (বিশ) একর পর্যন্ত জলমহাল/ পুকুর ইজারা প্রদানের জন্য উপ-অনুচ্ছেদ (ক) এর অধীন কোন মৎস্যজীবী সমবায় সমিতি পাওয়া না গেলে, সমাজ ভিত্তিক মৎস্য ব্যবস্থাপনার অনুকূলে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/ জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত নিম্নবর্ণিত ব্যক্তিগণের সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতিকে সংশ্লিষ্ট জলমহাল/ পুকুর ০৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে।

ক) বেকার যুবক খ) মুক্তিযোদ্ধা/ মুক্তিযোদ্ধার সন্তান গ) যুব মহিলা ঘ) বিধবা ও স্বামী পরিত্যাক্তা ঙ) আনসার, ভিডিপি ও গ্রাম পুলিশ সদস্য চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তি তবে কোন পরিবার হতে একাধিক ব্যক্তি ঐ সমিতির সদস্য হতে পারবেন না।

১৬। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকেই আবেদন গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭। জলমহাল ইজারা গ্রহণের বিধি-বিধান ও অন্যান্য শর্তাবলি উপজেলা ভূমি অফিস, ফুলছড়ি, গাইবান্ধা এবং ইউনিয়ন ভূমি অফিস, বাগুড়িয়া হতে জানা যাবে।

১৮। জলমহালের ইজারা বিজ্ঞপ্তি https://phulchari.gaibandha.gov.bd/ ওয়েব সাইটে পাওয়া যাবে।

০৫/০১/২০২৬

(মোঃ মোস্তাফিজুর রহমান)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।

স্মারক নং-০৫.৫৫.৩২২১.০০১.৮৫.০২৫.২৪-১৭

তারিখঃ ২১ পৌষ, ১৪৩২ বঙ্গাব্দ
০৫ জানুয়ারি, ২০২৬ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও বহুল প্রচারের অনুরোধসহ প্রেরণ করা হলোঃ-

০১। জেলা প্রশাসক, গাইবান্ধা।

০২। জনাব . . . . . . . . . . . . . . . . . . . . . সদস্য, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি, ফুলছড়ি, গাইবান্ধা

০৩। সহকারী প্রোগ্রামার, ফুলছড়ি, গাইবান্ধা

০৪। চেয়ারম্যান/প্রশাসক . . . . . . . . . . . . ইউনিয়ন পরিষদ (সকল), ফুলছড়ি, গাইবান্ধা।

০৫। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, বাগুড়িয়া ইউনিয়ন ভূমি অফিস, ফুলছড়ি, গাইবান্ধা। (তাকে উক্ত বিজ্ঞপ্তিটি হাটের দিনে ঢোল সহরত ও মাইকের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)

০৬। জনাব . . . . . . . . . . . . সভাপতি/সম্পাদক, . . . . . . . . . . . . . . . . মৎস্যজীবি সমবায় সমিতি, ফুলছড়ি, গাইবান্ধা

০৭। . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . . (পত্রিকায় প্রকাশের অনুরোধসহ)

০৮। নোটিশ বোর্ড/সংশ্লিষ্ট নথি

০৫/০১/২০২৬

(মোঃ মোস্তাফিজুর রহমান)
সহকারী কমিশনার (ভূমি) (অ.দা.)
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি
ফুলছড়ি, গাইবান্ধা।